গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ২৫ মে, ২০২৫ খ্রি.

# প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৫-০৫-২০২৫ তারিখ রোজ বৃহস্পতিবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব অতনু বড়ুয়া এর নেতৃত্বে "দি উইন্ড লাউঞ্জ"ইসলাম টাওয়ার ৪৬৪/এইচ পশ্চিম রামপুরা, ঢাকাতে ডি আই টি রোড, রামপুরা পরিচালনা করা হয়।

অভিযানকালে রেস্টুরেন্টের রান্নাঘর বেশ পরিষ্কার-পরিচ্ছন্ন অবস্থায় পরিচালনা করতে দেখা যায়; ফ্রিজে সকল খাদ্য উৎপাদন এবং মেয়াদ উত্তীর্ণের তারিখ সংবলিত অবস্থায় মজুদ করতে দেখা যায়; এছাড়াও তাদের সকল ধরনের বাধ্যতামূলক নিবন্ধন প্রদর্শনে সফল হয়।

অভিযানটি যথাক্রমে "ক্যান্টন রেস্টুরেন্ট" পশ্চিম হাজীপাড়া, ডি আই টি রোড, রামপুরা, ঢাকাতে পরিচালনা করা হয়। অভিযানকালে রেস্টুরেন্টের রান্নাঘরে পরিষ্কার-পরিচ্ছন্নতার ঘাটতি পরিলক্ষিত হয়; রান্নাঘরে নোংরা পরিবেশে খাদ্য কর্মীদের থাকাতে এবং তাদের কাপড় ঝুলিয়ে রাখতে দেখা যায়। ফ্রিজে রক্ত জমাট অবস্থায় কাঁচা ও রান্না করা চিকেন ফ্রাই একসাথে কোন প্রকার লেবেলিং সংযোজন ব্যতিরেকে মজুদ করতে দেখা যায়; এছাড়াও সকল খাদ্য কর্মীদের স্বাস্থ্য সনদ ও পানি পরীক্ষার সনদ প্রদর্শনে ব্যর্থ হয়। সংশোধনের শর্তে আনীত অভিযোগের বিষয়ে ক্যান্টন এর ম্যানেজার-এর বক্তব্য সন্তোষজনক হওয়ায় তাকে অব্যাহতি প্রদান করা হয়। সংগীয় মনিটরিং অফিসারকে মাইনর ব্যত্যয়সমূহ সংশোধন বিষয়ে একটি কম্পলায়েন্স প্রতিবেদন কোর্টকে দেয়ার জন্য আদেশ করা হয়।

অভিযানকালে জনাব মো: আসলাম ভূইয়া, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটেলিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।

২৫.০৫.২০২৫


বি. এম রুহুল আমিন রিমন
উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd


**বিতরণঃ**

১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৭। অফিস কপি।